

**শিক্ষার্থী মূল্যায়ন/লেকচার -১ (১৪.১০.২০)**

ক) এক বাক্যে উত্তর লিখ।

১. পাহাড়পুরে কী আছে?
২. বাংলাদেশের একটি সুপ্রাচীন বৌদ্ধ বিহারের নাম কী?
৩. বৌদ্ধধর্মের অনুসারী ভিক্ষুকগণ কত বছর আগে একটি বিশেষ জায়গায় থাকতেন?
৪. বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুকগণ কোন বিশেষ জায়গায় থেকে কী করতেন?
৫. বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুকগণ যে বিশেষ জায়গায় থেকে ধর্মচর্চা করতেন তার নাম কী?
৬. কুমিল্লার কোথায় শালবন বিহার আছে?
৭. প্রাচীন এই পাহাড়পুর বিহার এক সময় কেমন থাকতো?
৮. অনেকে প্রাচীন পাহাড়পুর বিহার সম্পর্কে কী মনে করতেন?
৯. একসময় মাটির স্তূপে ঢাকা পড়ে পাহাড়পুর বিহার কেমন হয়ে গিয়েছিল?
১০. ১৮৭৯ সালে কে পাহাড়পুরে বিশাল পুরাকীর্তি আবিষ্কার করেন?
১১. পাহাড়পুর বৌদ্ধ বিহারের আরেকটি নাম কী?

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
বিহার		আবিষ্কার	
সুপ্রাচীন		স্তূপ	
ভিক্ষু		ধর্মচর্চা	

গ) নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি কর।

ভিক্ষু, ধর্মচর্চা, আবিষ্কার, প্রাণকেন্দ্র।

**CHT Exam Date: 31 October 2020**

**শিক্ষার্থী মূল্যায়ন/লেকচার -২ (১৭.১০.২০)**

ক) এক বাক্যে উত্তর লিখ।

১২. পাহাড়পুর কোথায় অবস্থিত?
১৩. পাহাড়পুর এলাকাটি কেমন ভূমিতে বিস্তৃত?
১৪. পাহাড়পুর উত্তর দক্ষিণ এবং পূর্ব পশ্চিম দিকে কত ফুট পর্যন্ত বিস্তৃত?
১৫. রাজা ধর্মপাল প্রায় কত বছর আগে পাহাড়পুর বিহারটি নির্মান করেন?
১৬. বাইরের দেয়ালের গায়ে পোড়ামাটি দিয়ে কী বানানো আছে?
১৭. চারিদিকের দেয়ালের ভিতরে সুন্দর সারি বাঁধা কতটি ছোট ঘর আছে?
১৮. সব মিলিয়ে বিহারটিতে কত জন লোকের থাকার ব্যবস্থা ছিল?
১৯. কোথায় উচ্চ শিক্ষার প্রাণ কেন্দ্র ছিল?

খ) নিচের শব্দগুলোর অর্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
বিশাল		দুর্লভ	
প্রাণকেন্দ্র		স্নানঘাট	

গ) নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দুটি শব্দ তৈরি করে প্রতিটি যুক্তবর্ণ দিয়ে একটি বাক্য তৈরি কর।

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	বাক্য তৈরি কর
দ্র			
স্ত			
ক্র			
ম্ব			
দ্ব			
ন্ব			

ঘ) নিচের প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখ।

১. পাহাড়পুর নামটা কীভাবে হলো?
২. পাহাড়পুর বিহারটিতে কী কী আছে?

ঙ) অনুশীলনীঃ

ময়নামতির শালবন বিহার সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।

শিক্ষার্থী মূল্যায়ন/লেকচার -৩ (১৯.১০.২০)

ক) এক বাক্যে উত্তর লিখ।

২০. মন্দিরের ভিতরে এবং বাইরে কী দিয়ে সাজানো আছে?
২১. বিহারটির পূর্ব-দক্ষিণ কোণে বাঁধানো ঘাটের নাম কী?
২২. পাহাড়পুর বিহারের পাশে দেখার মত একটি কী আছে?
২৩. পাহাড়পুর বিহারের জাদুঘরে সুন্দর করে কী সাজিয়ে রাখা আছে।

খ) নিচের বাক্যগুলো সত্য হলে সত্য এবং মিথ্যা হলে মিথ্যা লিখে সঠিক বাক্যটি লিখ।

- ১) চারিদিকে কোন পাহাড় নেই কিন্তু জায়গার নাম পাহাড়পুর।
- ২) পাহাড়পুর একটি সুপ্রাচীন বৌদ্ধ মন্দির।
- ৩) পাহাড়পুরে প্রায় ১৪ শ বছর আছে বৌদ্ধভিক্ষুগণ নিজেদের ধর্মচর্চা করতেন আর শিষ্যদের শিক্ষা দিতেন।
- ৪) বাংলাদেশের আরেকটি বিহার হলো মধুপুর শালবন বিহার।
- ৫) ১৯৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম পাহাড়পুরের এই বিশাল পুরাকীর্তি আবিষ্কার করেন।
- ৬) বিহারটি নওগাঁ জেলার বদলগাছি উপজেলার পাহাড়পুর গ্রামে অবস্থিত।
- ৭) বিহার এলাকাটি প্রায় ৪২ একর জায়গা জুড়ে অবস্থিত।
- ৮) বিহারটির ২৭ একর জমির উপর এর বিশাল দালান।
- ৯) রাজা ধর্মপাল প্রায় ১২ শ বছর আগে এটি নির্মাণ করান।
- ১০) পাহাড়পুর উচ্চ শিক্ষার কোন ব্যবস্থা ছিল না।

ঘ) নিচের প্রশ্নের উত্তর লিখ (সৃজনশীল)।

১. তোমার জানা যেকোন ঐতিহাসিক স্থান/ জায়গা সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।

ঙ) নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ (বর্ণণামূলক)।

১. পাহাড়পুর সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।
২. পাহাড়পুরে কী কী আছে ? তার একটি তালিকা তৈরি কর।

**শিক্ষার্থী মূল্যায়ন/লেকচার -৪ (২১.১০.২০)**

ক) সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করঃ

১. ----- কোন পাহাড় নেই কিন্তু জায়গার নাম পাহাড়পুর।
২. এটি বাংলাদেশ এমন কি দুনিয়ার একটি ----- জায়গা।
৩. কিন্তু এর সম্পর্কে সবাই খুব----- জানে না।
৪. পাহাড়পুর একটি ----- বৌদ্ধবিহার।
৫. প্রায় ১৪শ বছর আগে বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুগণ কোন ----- একটি জায়গায় থাকতেন।
৬. সেখানে তাঁরা নিজেদের ----- করতেন আর শিষ্যদের শিক্ষা দিতেন।
৭. বাংলাদেশের ----- আরো বিহার আছে।
৮. পাহাড়পুরের মত ----- বিহার আর নেই।
৯. অনেকে মনে করেন ----- উড়ে আসা ধূলাবালি ও মাটি এটির চারিদিকে জমতে থাকে।
১০. এক সময় মাটি----- এটি ঢাকা পড়ে পাহাড়ের মতো হয়ে যায়।
১১. দীর্ঘকাল পরে ১৯৭৯ সালে আলেকজান্ডার কার্নিংহাম এই ----- আবিষ্কার করেন।
১২. বিহার এলাকাটি প্রায় ----- জায়গা জুড়ে ----- মাটির ভূমিতে বিস্তৃত।
১৩. ২৭ একর জমির উপর এর ----- দালান।
১৪. বাইরের দেয়ালের গায়ে ----- ফুল, ফল, পাখি, পুতুল, মূর্তি ইত্যাদি বানানো আছে।
১৫. তার পরেই ----- হলঘর।
১৬. পাশে দুটি ----- হলঘর।
১৭. চারিদিকে দেয়ালের ভিতরে ----- সারি বাধা ১৭৭টি ছোটঘর।
১৮. সামনে দিয়ে আছে ----- বারান্দা
১৯. পাহাড়পুর ছিল ----- শিক্ষার প্রাণকেন্দ্র।
২০. ভিতরটায় বিশাল উঠানের মাঝখানে বড় এক মন্দির।
২১. সেখানে ----- করে সাজিয়ে রাখা আছে বিহার থেকে খনন করে পাওয়া অনেক পুরাতন আর দুর্লভ জিনিস পত্র।

খ) বামদিকের বাক্যাংশের সাথে ডানদিকের বাক্যাংশ মিলিয়ে সঠিক বাক্য তৈরি করঃ

বাম দিক	ডান দিক
ক) চারিদিকে কোন পাহাড় নেই	১. কুমিল্লার ময়নামতির শালবন বিহার।
খ) প্রায় ১৪শ বছর আগে বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুগণ	২. এই বিশাল পুরাকীর্তি আবিষ্কার করেন।
গ) সেখানে তাঁরা নিজেদের ধর্মচর্চা করতেন	৩. ৪০ একর জায়গা জুড়ে বিস্তৃত।
ঘ) বাংলাদেশের ভিতরে আরও বিহার আছে যেমন-	৪. জায়গার নাম পাহাড়পুর।
ঙ) ১৮৭৯ সালে আলেকজান্ডার কার্নিংহাম	৫. আর শিষ্যদের শিক্ষা দিতেন।
চ) পাহাড়পুর বিহারটি প্রায়	৬. সারি বাধা ১৭৭টি ছোট ঘর।
ছ) চারিদিকের দেয়ালের ভিতরে আছে	৭. বিশেষ একটা জায়গায় থাকতেন।
জ) বিহার খনন করে পাওয়া যায়	৮. অনেক পুরাতন ও দুর্লভ জিনিসপত্র।

*Class:* চতুর্থ শ্রেণি

*Prepared by:* আফরোজা তাসনিম (নিপা)

*Subject:* বাংলা ১ম

*Topic:* পাহাড়পুর

গ) এক কথায় প্রকাশ করঃ

প্রদত্ত বাক্য	এককথায় প্রকাশ
বহুকাল আগের এমন	
বৌদ্ধদের মধ্যে যারা সংসার ত্যাগী সন্ন্যাসী	
প্রধান জায়গা	
যা সহজে লাভ করা যায় না	

ঘ) বিপরীত শব্দ লিখ:

মূলশব্দ	বিপরীত শব্দ
পাহাড়	
খালি	
দেখা	
বাইরে	
বিশাল	
বিশেষ	
বড়	
গ্রাম	

ঘ) সমার্থক শব্দ লিখ:

প্রদত্ত শব্দ	সমার্থক শব্দ
দুনিয়া	
প্রাচীন	
পাখি	

**ক) সঠিক উত্তর দাও:**

১. আলোচ্য গল্পে জায়গার নাম কী?  
ক) জয়দেবপুর  
খ) পাহাড়পুর  
গ) দিনাজপুর  
ঘ) রংপুর
২. পাহাড়পুর কোন দেশের বিখ্যাত জায়গা?  
ক) ভারত  
খ) নেপাল  
গ) বাংলাদেশ  
ঘ) কোনটিই নয়
৩. পাহাড়পুর কোন সুপ্রাচীন নিদর্শন এর জন্য বিখ্যাত?  
ক) মন্দির  
খ) মসজিদ  
গ) গীর্জা  
ঘ) বৌদ্ধবিহার
৪. প্রায় ১৪ শ বছর আগে কোন ধর্মাবলম্বীরা একটি বিশেষ জায়গায় থাকতেন?  
ক) বৌদ্ধ ভিক্ষুগণ  
খ) মুসলিম  
গ) হিন্দধর্মাবলম্বী  
ঘ) কোনটিই নয়
৫. বৌদ্ধ ভিক্ষুগণ কাদের শিক্ষা দিতেন?  
ক) বৌদ্ধ ধর্মানুসারীদের  
খ) শিষ্যদের  
গ) সকল ধর্মের অনুসারী  
ঘ) ইসলাম ধর্মানুসারীদের
৬. ময়নামতির শালবন বিহার কোন বিভাগে অবস্থিত?  
ক) ঢাকা  
খ) রাজশাহী  
গ) কুমিল্লা  
ঘ) বরিশাল
৭. কোন বিহার সব থেকে বড়?  
ক) ময়নামতি  
খ) পাহাড়পুর  
গ) শালবন  
ঘ) কুমিল্লা
৮. পাহাড়পুর কেমন বিহার?  
ক) ছোট  
খ) মাঝারি  
গ) বড়  
ঘ) কোনটিই না
৯. কোন প্রাচীন বিহারটি এক সময় খালি পড়ে থাকত?  
ক) শালবন  
খ) ময়নামতি  
গ) পাহাড়পুর  
ঘ) কুমিল্লা  
ঙ) কুমিল্লা
১০. আলেকজান্ডার কনিংহাম কত সালে এই সুবিশাল পুরাকীর্তি আবিষ্কার করেন?  
ক) ১৮৬৯  
খ) ১৮৭৯  
গ) ১৯৭৯  
ঘ) ১৬৭৯
১১. পাহাড়পুর এর আরেক নাম কী?  
ক) সোমপুর বিহার  
খ) শালবন বিহার  
গ) পাহাড়পুর মহাবিহার  
ঘ) ময়নামতি বিহার।
১২. পাহাড়পুর বিহারটি নওগাঁ জেলার কোন উপজেলায় অবস্থিত?  
ক) দরিয়া কান্দি  
খ) বদলগাছি  
গ) পাহাড়পুর  
ঘ) জামালপুর

১৩. বিহার এলাকাটি প্রায় কত একর জায়গাজুড়ে অবস্থিত?  
ক) ৪২ একর  
খ) ৪১ একর  
গ) ৪০ একর  
ঘ) ৪৫ একর
১৪. কত একর জমির উপর এর বিশাল দালার অবস্থিত?  
ক) ২৩  
খ) ২৭  
গ) ২৫  
ঘ) ২৯
১৫. বিহারটি উত্তর-দক্ষিণ এবং পূর্ব-পশ্চিমে কত ফুট পর্যন্ত বিস্তৃত?  
ক) ৯২২ এবং ৯১১  
খ) ৯২৪ এবং ৯১৯  
গ) ৯২৩ এবং ৯২২  
ঘ) ৯২৪ এবং ৯২৫
১৬. বৌদ্ধ ধর্মবলম্বী কোন রাজা এই বিহারটি নির্মাণ করান?  
ক) রাজা গোলাপ  
খ) ধর্মপাল  
গ) শশীপাল  
ঘ) রামপাল
১৭. বিহারটির কোথায় নানা রকম ফুল, ফল, পাখি, পুতুল, মূর্তি ইত্যাদি বানানো আছে?  
ক) বাইরের দেয়ালে  
খ) ভিতরের দেয়ালে  
গ) পাশের দেয়ালে  
ঘ) কোথাও না
১৮. সব মিলিয়ে বিহারটিতে কতজন মানুষের থাকার ব্যবস্থা ছিল?  
ক) ৬০০  
খ) ৮০০  
গ) ৭০০  
ঘ) ৯০
১৯. কোথায় উচ্চ শিক্ষার প্রাণকেন্দ্র ছিল?  
ক) জামালপুর  
খ) মেহেরপুর  
গ) জয়দেবপুর  
ঘ) পাহাড়পুর

